# ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় পাসের হার ৫৮.৪০

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বোর্ডের ১৯৮০ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। পাসের হার ৫৮ দশমিক ৪০ শতাংশ।

অংশগ্রহণকারী মোট ৩৫ হাজার আটশ ৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ২০ হাজার নয়শ ৫৯ জন।

এরমধ্যে দু'হাজার ৩৮ জন প্রথম বিভাগে, ছয় হাজার নয়শ ৮২ জন দ্বিতীয় বিভাগে এবং ১১ হাজার নয়শ ৩৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন।

**সম্মিলিত মেধা তালিকা**

এই তালিকার সকলেই বিজ্ঞান বিভাগের ছাত্র। প্রথম হয়েছেন রেসিডেন্সিয়াল মডেল স্কুলের ছাত্র সুলতান আলম। চারটি লেটার পেয়েছেন। তার প্রাপ্ত নম্বর নয়শ ১৬। দ্বিতীয়: ফরহাদ ফুয়াদ ইসলাম (তিনটি লেটার), ঢাকা কলেজ, তৃতীয়: মুন্সী নূরুর রহমান (৩টি লেটার), ঢাকা কলেজ, মোহাম্মদ আবুল বাশার (তিনটি লেটার), রেসিডেন্সিয়াল মডেল স্কুল, ৪র্থ: মোহাম্মদ মোহসীন ইকবাল (৩টি লেটার), মোমেনশাহী ক্যাডেট কলেজ, পঞ্চম: মশিউর রহমান (তিনটি লেটার), রেসিডেন্সিয়াল মডেল স্কুল, ষষ্ঠ: জোয়ারদার কামরুজ্জামান (তিনটি লেটার), ঢাকা কলেজ, মুজিবা সালমা মবিন (৩টি লেটার), হলিক্রস কলেজ, সপ্তম: প্রশান্ত কুমার ত্রিপুরা (তিনটি লেটার), রেসিডেন্সিয়াল মডেল স্কুল, অষ্টম: নাসিম তোফাজ্জল (চারটি লেটার), হলিক্রস কলেজ, নবম: মোহাম্মদ নূর-ই আলম মোশাররফ হোসেন (তিনটি লেটার), মোমেনশাহী ক্যাডেট কলেজ, দশম:

(শেষ পৃ, ৪-এর কঃ দঃ)

# এইচএসসি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

চৌধুরী শাহীন মাসুদ (তিনটি লেটার), ঢাকা কলেজ।

একাদশ: মোহাম্মদ রেজা জাকারিয়া (তিনটি লেটার), ঢাকা কলেজ, দ্বাদশ: ওয়াসীম ফারুক (তিনটি লেটার), ঢাকা কলেজ, ত্রয়োদশ: অসিত চন্দ্র সরকার (৩টি লেটার), ঢাকা কলেজ, চতুর্দশ: আলমগীর ফারুক (তিনটি লেটার), ঢাকা কলেজ, নাজমুল আমীন (তিনটি লেটার), ঢাকা কলেজ, পঞ্চদশ: মোহাম্মদ রেজাউল করিম (চারটি লেটার), ঢাকা কলেজ, লক্ষ্মণচন্দ্র কুণ্ডু (তিনটি লেটার), ঢাকা কলেজ, ষোড়শ: মোহাম্মদ মাহমুদুর রহমান (তিনটি লেটার), ঢাকা কলেজ, সপ্তদশ: জ্ঞানেন্দ্র চন্দ্র আচার্য (তিনটি লেটার), রেসিডেন্সিয়াল মডেল স্কুল, জেহান জেব (তিনটি লেটার), বেগম বদরুন্নেসা মহিলা কলেজ, সোহেলী আলম (তিনটি লেটার), হলিক্রস কলেজ, অষ্টাদশ: রাকিবা রশীদ (তিনটি লেটার), হলিক্রস কলেজ, ঊনবিংশ: আহমদ কাজেম হিলালী (চারটি লেটার), ঢাকা কলেজ এবং বিংশ: মোহাম্মদ মহসীন হাবীব (তিনটি লেটার), মোমেনশাহী ক্যাডেট কলেজ। হলিক্রস কলেজের ছাত্রী মুজিবা সালমা মবিন মহিলাদের মেধা তালিকায় প্রথম হয়েছেন।


**কলা বিভাগের মেধা তালিকা**

কলা বিভাগের পুরুষ ও মহিলা একত্রে মেধা তালিকায় ১০ জন হচ্ছেন, প্রথম: নাসরিন ইয়াসমিন (দুটি লেটার), মুমিনুন্নেসা মহিলা কলেজ, ময়মনসিংহ, দ্বিতীয়: এ কে এম আতিকুর রহমান (১টি লেটার) ঢাকা কলেজ, তৃতীয়: মুনা হোসেন, হলিক্রস কলেজ, চতুর্থ: মাহবুবা বেগম, সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর, পঞ্চম: শাহনাজ হুদা (একটি লেটার), হলিক্রস কলেজ।

ষষ্ঠ: মোহাম্মদ জামাল হোসেন, তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ, সপ্তম: সালিমা জাহান, সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর, অষ্টম: বিরূপাক্ষ পাল (একটি লেটার), রেসিডেন্সিয়াল মডেল স্কুল, নবম: মাহবুবুজ্জামান, মোমেনশাহী ক্যাডেট কলেজ এবং দশম: শাহাদাত মোশাররফ খান, মোমেনশাহী ক্যাডেট কলেজ।

**বাণিজ্য বিভাগ**

বাণিজ্য বিভাগের পুরুষ ও মহিলা একত্রে মেধা তালিকার ১০ জন হচ্ছেন—প্রথম: মোহাম্মদ আল মারুফ খান (একটি লেটার), ঢাকা কলেজ, দ্বিতীয়: মোহাম্মদ আলমগীর হোসেন (একটি লেটার), ঢাকা কলেজ, তৃতীয়: রোকসানা হাসেম, ইউনিভার্সিটি উইমেন্স ফেডারেশন কলেজ, চতুর্থ: রিচার্ড অগাস্টিন গোমেজ (একটি লেটার), নটরডেম কলেজ, পঞ্চম: মোহাম্মদ জামাল উদ্দিন, ঢাকা কলেজ, ষষ্ঠ: মোহাম্মদ শওকত আলী, ঢাকা কলেজ, সপ্তম: মোহাম্মদ আইউব মিয়া (একটি লেটার), ঢাকা কলেজ, অষ্টম: ওয়াহিদা আরজুমান্দ বানু, ইউনিভার্সিটি উইমেন্স ফেডারেশন কলেজ, নবম: ফরিদা ইয়াসমিন (একটি লেটার), লালমাটিয়া মহিলা কলেজ এবং দশম: মোহাম্মদ মাকসুদুল কবীর (একটি লেটার), ঢাকা কলেজ।



সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় ফরহাদ ফুয়াদ ইসলাম



কলা বিভাগে মেধা তালিকায় প্রথম নাসরিন ইয়াসমিন

**অন্যান্য বিভাগ**

গার্হস্থ্য অর্থনীতি বিভাগে প্রথম হয়েছেন গার্হস্থ্য অর্থনীতি মহাবিদ্যালয়ের ছাত্রী রুখসানা বেগম।

কৃষি বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছেন মানিকগঞ্জ দেবেন্দ্র কলেজের ছাত্র মোহাম্মদ তোফায়েল হোসেন।